

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
চিকিৎসা শিক্ষা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাপকম/চিশি-২/সমেক-৩৭/২০১৩/৪৬৯

তারিখঃ ১৫-১০-২০১৭খ্রিঃ


### পরিপত্র

বিষয়ঃ রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধিনে অধিভুক্ত মেডিকেল কলেজ/ইনস্টিটিউটসমূহ রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিনে অধিভুক্তির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন আইন, ২০১৬ এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ প্রণয়নের মাধ্যমে রাজশাহী ও চট্টগ্রামে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় দুটির প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম শুরু হয়েছে।

০২। উক্ত আইন দুটির ধারা-৫১ অনুসারে চট্টগ্রাম ও সিলেট বিভাগের আওতাধীন অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল প্রতিষ্ঠান চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের এবং রাজশাহী, খুলনা ও রংপুর বিভাগের আওতাধীন অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল প্রতিষ্ঠান রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হবে।

০৩। এমতাবস্থায়, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে চট্টগ্রাম ও সিলেট বিভাগের আওতাধীন অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল প্রতিষ্ঠান চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের এবং রাজশাহী, খুলনা ও রংপুর বিভাগের আওতাধীন অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল প্রতিষ্ঠান রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি ও রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(বদরুন নাহার)  
উপসচিব  
ফোন-৯৫৪০৬৯০

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। ভাইস চ্যান্সেলর, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ০২। ভাইস চ্যান্সেলর, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ০৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সকল মেডিকেল/ডেন্টাল কলেজের নিকট পত্রটি প্রেরণের অনুরোধ করা হলো)।
- ০৫। রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ০৬। রেজিস্ট্রার, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ০৭। অধ্যক্ষ, সরকারি মেডিকেল কলেজ (সকল).....
- ০৮। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী (৮৬ বিজয়নগর), ঢাকা।
- ০৯। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা-১০০০ (যে সকল প্রতিষ্ঠানে স্নাতক পর্যায়ে কোর্স পরিচালিত হয়ে থাকে, সে সকল প্রতিষ্ঠানের নিকট পত্রটি প্রেরণের অনুরোধ করা হলো)।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে

- ০৯। অধ্যক্ষ, বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ (সকল).....
- ১০। অধ্যক্ষ, সরকারি নার্সিং কলেজ (সকল) .....
- ১১। অধ্যক্ষ, বেসরকারি নার্সিং কলেজ (সকল) .....

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। ভাইস চ্যান্সেলর, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। রেজিস্ট্রার, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৭। অতিরিক্ত সচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৮। যুগ্মসচিব (চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।